গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
কারিগরি শাখা-৪
বাংলাদেশ সচিবালয়
www.tmed.gov.bd

স্মারক নম্বর-৫৭.০০.০০০০.০৫৪.২৭.০০৩৩.২৫-২৬৪

তারিখঃ ১৬ অগ্রহায়ণ ১৪৩২ / ০১ ডিসেম্বর ২০২৫

**অফিস আদেশ**

কারিগরি শিক্ষা অধিদপ্তরাধীন নাগরপুর সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজ, নাগরপুর, টাঙ্গাইল এ কর্মরত ইনস্ট্রাক্টর (রসায়ন) জনাব মো: শফিকুল ইসলাম তার স্ত্রী উপর পাশবিক নির্যাতন করেন।

০২। এহেন অপরাধে তার স্ত্রী আফিয়া ইবনাত টাঙ্গাইল সদর থানার ১৪ (০৬) ২৩, নারী ও শিশু নির্যাতন দমন আইন ২০০০ (সং/০৩) এর ১১ (গ) ধারায় মামলা দায়ের করে। এছাড়াও তার স্ত্রী কারিগরি শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক ও অধ্যক্ষ, নাগরপুর সরকারি টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ, টাঙ্গাইল-এ অভিযোগ দাখিল করেন।

০৩। জনাব মো: শফিকুল ইসলাম গত ০৬/১০/২০২৫ খ্রিঃ তারিখে বিজ্ঞ আদালতে আত্মসমর্পন করে জামিনের আবেদন দাখিল করলে আদালত তার জামিন আবেদন নামঞ্জুর করে জেল হাজতে প্রেরণ করেন এবং পরবর্তীতে ২৮/১০/২০২৫ খ্রিঃ তারিখে জামিনে মুক্তি পান। তিনি সর্বমোট ২৩ (তেইশ) দিন জেল হাজতে ছিলেন। বর্তমানে মামলাটি নাগরপুর থানায় তদন্তনাধীন আছে।

০৪। জনাব মো: শফিকুল ইসলাম-এঁর এহেন কার্যকলাপ সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি-৩ (খ) অনুযায়ী 'অসদাচরণ' (Misconduct) এর পর্যায়ভুক্ত শাস্তিযোগ্য অপরাধ।

০৫। নাগরপুর সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজ এর ইনস্ট্রাক্টর (রসায়ন) জনাব মো: শফিকুল ইসলাম এর বিরুদ্ধে মামলা চলমান থাকায় তাকে সরকারি চাকরি আইন, ২০১৮ এর ৩৯ (২) ধারা অনুসারে চাকরি হতে সাময়িক বরখাস্ত (Suspension) করা হলো।

০৬। সাময়িক বরখাস্তকালে (Suspension Period) তিনি বিধি মোতাবেক খোরাকী ভাতাসহ (Subsistence Allowance) অন্যান্য সুবিধা প্রাপ্য হবেন।

০৭। জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

০১.১২.২০২৫
মুহাম্মদ রফিকুল ইসলাম
সচিব

স্মারক নম্বর- ৫৭.০০.০০০০.০৫৪.২৭.০০৩৩.২৫-২৬৪

তারিখঃ ১৬ অগ্রহায়ণ ১৪৩২ / ০১ ডিসেম্বর ২০২৫

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ;
০২। অতিরিক্ত সচিব (কারিগরি অনুবিভাগ), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা ;

০৩। মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা ;
**(জনাব মো: শফিকুল ইসলাম, ইনস্ট্রাক্টর (রসায়ন), নাগরপুর সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজ এর ব্যক্তিগত নথিতে/ডোসিয়ারে অফিস আদেশটি সংরক্ষণের অনুরোধসহ)**
০৪। যুগ্মসচিব (কারিগরি.অধিশাখা-০২), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা ;
০৫। উপদেষ্টার একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা [মাননীয় উপদেষ্টার সদয় অবগতির জন্য];
০৬। চিফ একাউন্টস অ্যান্ড ফিন্যান্স অফিসার, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫ পুরানা পল্টন, ঢাকা ;
০৭। উপ-পরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (অফিস আদেশটি পরবর্তী গেজেটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো);
০৮। অধ্যক্ষ, নাগরপুর সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজ, নাগরপুর, টাঙ্গাইল ;
০৯। সচিবের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা [সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য] ;
১০। প্রোগ্রামার, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (অফিস আদেশটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ) ;
১১। উপজেলা একাউন্টস অ্যান্ড ফিন্যান্স অফিসার, নাগরপুর;
১২। জনাব মো: শফিকুল ইসলাম, ইনস্ট্রাক্টর (রসায়ন), নাগরপুর সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজ, নাগরপুর, টাঙ্গাইল; এবং
১৩। অফিস কপি।

মো: নূরুল হাফিজ
উপসচিব
ফোনঃ ৫৫১০০৪২৫
ই-মেইলঃ dstech4@tmed.gov.bd